



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/১৮৩

তারিখ: ২৯-০৩-২০১৮ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: ২০১৮ সালে অধ্যয়নরত ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণির শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন ও জেএসসি নিবন্ধন প্রসঙ্গে

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানপ্রধানকে অবগত করা যাচ্ছে যে, ২০১৮ সালে অধ্যয়নরত ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণির শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন ও জেএসসি নিবন্ধন নিম্নরূপে সম্পন্ন হবে-

- ২০১৮ সালে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে অধ্যয়নরত সকল শিক্ষার্থীর তথ্য ONLINE এ আপলোড করতে হবে
- ২০১৮ সালে ৮ম শ্রেণির শিক্ষার্থীদের বয়স ৩১ শে ডিসেম্বর ২০১৮ খ্রি. তারিখে কমপক্ষে ১২ বছর ০১ (এক) দিন হতে হবে এবং ১৭ বছরের বেশি হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না
- ২০১৭ সালের ৭ম শ্রেণির (বর্তমানে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত) শিক্ষার্থীদের ONLINE এ প্রদত্ত অর্ধ- বার্ষিক ও বার্ষিক পরীক্ষার গড় ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের নিবন্ধন তালিকা ONLINE এ প্রদর্শিত হবে
- যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ INTERNET সংযোগ নেই তাদের নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোন ক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠান থেকে নিবন্ধন করা যাবে না
- প্রত্যেক প্রতিষ্ঠান তার শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নিবন্ধন কমিটি গঠন করবে এবং কমিটি কর্তৃক প্রদানকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষর শেষে প্রধান শিক্ষকের অনুমোদনসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে। যে কোন প্রকার ত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন
- ONLINE এ তথ্য আপলোড ও সংশোধন এবং নিবন্ধনকরণের সময়সূচি জরিমানা ছাড়া ০১-০৪-২০১৮ হতে ৩০-০৪-২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত এবং বিলম্ব জরিমানা ফিসসহ ০১-০৫-২০১৮ হতে ১৫-০৫-২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত। নির্ধারিত তারিখের পর নতুন কোন তথ্য আপলোড করা যাবে না। প্রত্যেক প্রতিষ্ঠান নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নিবন্ধনের হার্ডকপি (PRINT COPY) সংরক্ষণ করবে। পরবর্তীতে এই হার্ডকপি (PRINT COPY) এর সাথে নিবন্ধন কার্ড যাচাই করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন করতে হবে
- শিক্ষার্থীদের নিকট থেকে নির্ধারিত ফিসের বেশি অর্থ কোন ক্রমেই আদায় করা যাবে না। শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস শুধুমাত্র সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ONLINE এ প্রেরণ করতে হবে। কোন ক্রমেই টিটি/ডিডি/পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না

৮। অষ্টম শ্রেণির শিক্ষার্থী প্রতি ফিসের হার -

বিবরণ	শিক্ষার্থীর সংখ্যা	নিবন্ধন ফিস	স্কাউট ফিস	রেড ক্রিসেন্ট ফিস	মোট টাকার পরিমাণ	বিলম্ব ফিস
ফিসের পরিমাণ	০১	৫০/-	১৫/-	১০/-	৭৫/-	৫০/-

৯। অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ৩০-০৪-২০১৮ খ্রি. পর্যন্ত ফিস ব্যতীত এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে ছাড়পত্র (ETC) প্রদান করা যাবে। ১ মে হতে ৩১ আগস্ট/২০১৮ পর্যন্ত সোনালী সেবার মাধ্যমে ৮০০/- (আটশত) টাকা ফিস প্রদানপূর্বক ছাড়পত্র (ETC) প্রদান করা যাবে। এর পর কোন অবস্থাতেই ছাড়পত্র (ETC) প্রদান করা যাবে না।

১০। Student Management সংক্রান্ত সকল তথ্য Board এর Website www.jessoreboard.gov.bd এর LATEST NOTICE এ পাওয়া যাবে। যশোর শিক্ষা বোর্ডের Website এর LATEST NOTICE এ প্রদত্ত জেলাভিত্তিক মাস্টার ট্রেইনারদের নিকট থেকে সেবা সংক্রান্ত সহায়তা নেয়ার জন্য যোগাযোগ করা যাবে। বিশেষ প্রয়োজনে যশোর শিক্ষা বোর্ডের নিম্নলিখিত মোবাইল নম্বরগুলো হতে সহায়তা পাওয়া যাবে।

মোবাইল নম্বর : ০১৭১৬-৮৭৪৭৩৯, ০১৭১৬-৮৬৬৪২৩, ০১৭১৬-৮৬৬২৬৩৭, ০১৭১১-১৯১৮১২

১১। সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক দৈনিক হাজিরাসহ স্ব স্ব Website এর সকল মেন্যুতে তথ্য হালনাগাদ নিশ্চিত করতে হবে

বিঃ দ্রঃ ছাত্র/ছাত্রীদের নিবন্ধনের তথ্য প্রদানের সময় পি ই সি ও জন্ম নিবন্ধন সনদ এর সাথে মিল রেখে শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম ও জন্ম তারিখ এর তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে

২৯.৩.১৮

(গাজী মনিবুর রহমান)

বিদ্যালয় পরিদর্শক


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো-

- ১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা
- ২। উপ- পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)
- ৭। সংরক্ষণ নথি



২৯.৩.১৮

(গাজী মনিবুর রহমান)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

